

নিউ ইয়র্ক স্টেট সংস্পর্শ অনুসন্ধান

আপনি সমাধানের অংশ...
এখন ফোনের উত্তর দিন!



আপনি বাড়িতে থেকেছেন!



আপনি মুখোশ পরছেন!



এখন, ফোনের উত্তর দিন!

আমরা যখন একসঙ্গে করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করছি, তখন রোগ ছড়ানো বন্ধ করার জন্য COVID এর সংস্পর্শ অনুসন্ধান গুরুত্বপূর্ণ।

NYS Contact Tracing Program (এনওয়াইএস সংস্পর্শ অনুসন্ধান কর্মসূচি) COVID-19 পরীক্ষায় সুনিশ্চিতভাবে পজিটিভ ফলাফল পাওয়া গেছে এমন ব্যক্তিদের সংস্পর্শে কারা এসেছেন তা নির্ধারণের জন্য কাজ করে। সম্ভাব্য সংক্রমণের বিষয়ে সংস্পর্শে আসা ওই সব ব্যক্তিদের সঙ্গে প্রশিক্ষণপ্রাপ্ত বিশেষজ্ঞরা যোগাযোগ করেন। যদি আপনাকে সংস্পর্শে আসা ব্যক্তি হিসেবে শনাক্ত করা হয়, তাহলে আপনি “NYS Contact Tracing” (518-387-9993) এর কাছ থেকে টেলিফোন পাবেন।

যেহেতু রোগটি উপসর্গ ছাড়াই সংক্রামিত হতে পারে, তাই রোগ ছড়ানো বন্ধ করার জন্য অতি গুরুত্বপূর্ণ হল সম্ভাব্য সংক্রমণ সম্পর্কে মানুষকে জানানো।

তাই যদি আপনি “NYS Contact Tracing” (518-387-9993) এর কাছ থেকে টেলিফোন পান, তাহলে অনুগ্রহ করে উত্তর দিন। এটি গোপনীয় এবং ব্যক্তিগত।

অনুগ্রহ করে ফোনের উত্তর দেবেন
যাতে আমরা NY-কে এগিয়ে নিয়ে যেতে পারি এবং
COVID-19 ছড়ানো বন্ধ করতে পারি।

health.ny.gov/coronavirus